

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 26-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭ তম পর্ব। আজ বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা টাকারজলা বাজারে জনৈকনির্মল দেববর্মার বাসভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মদির মন কি বাত অনুষ্ঠান শুনবেন।

\*\*\*\*\*

**CM Samriddhi :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ এলাকার মহিলাদের আর্থ সামাজিক ভিত শক্তিশালী করা উচিত। এই উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার গ্রামীণ এলাকার মহিলাদের উন্নয়নে বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। প্রকল্পগুলির রাজ্যেও যথাযথভাবে বাস্তবায়নের কাজ চলছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে 'সমৃদ্ধি' প্রকল্পের অধীনে 'লাখপতি দিদি' তৈরির কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই কর্মসূচির লক্ষ্য হলো গ্রামীণ মহিলাদের আর্থিক ক্ষমতায়ন, যার অংশ হিসেবে 'সমৃদ্ধি' প্রচারণার মাধ্যমে

এক লক্ষ লাখপতি দিদিবে ১০০ কোটি টাকা কমিউনিটি ফান্ড হিসাবে বিতরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তিনি বলেন, বিকশিত ভারতের যে ঘোষণা কেন্দ্রীয় সরকার দিয়েছে সেই দিকে লক্ষ্য রেখে বিকশিত ত্রিপুরা গড়ার দিকে এগিয়ে চলেছে সরকার।

\*\*\*\*\*

## **Chhath Puja :**

চারদিনব্যাপী ছট পূজা গতকাল থেকে শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট পূজো উপলক্ষে দেশ ও বিশ্বজুড়ে ভক্তদের উষ্ণ শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি সমস্ত ব্রতীদের অটল ভক্তির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন এবং এই চার দিনের উৎসবের গভীর সাংস্কৃতিক তাৎপর্য তুলে ধরেছেন।

উৎসবের জন্য ভারতীয় রেল অতিরিক্ত ট্রেনের ব্যবস্থা করেছে। চলতি উৎসব মরশুমে এখন পর্যন্ত ১ কোটি ৫০ লক্ষ যাত্রী ট্রেন ভ্রমণ করেছে। রেলমন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, উৎসব শেষে এই সংখ্যা বেড়ে ২ কোটি ৫০ লক্ষ হবে বলে আশা করা হচ্ছে।

এদিকে, ছট পূজা উপলক্ষ্যে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে বিভিন্ন রুটে যাত্রীদের আরামদায়ক, সুরক্ষিত এবং মনোরম উৎসব ভ্রমণ নিশ্চিত করার জন্য একাধিক যাত্রীবান্ধব ব্যবস্থা চালু করেছে। বিহারের কাটিহার, কিষাণগঞ্জ, বারসোই এবং জোগবানি সহ প্রধান প্রধান স্টেশনগুলিতে মধুর ছট গীতের মাধ্যমে উৎসবের আমেজ জীবন্ত হয়ে উঠেছে।

আগরতলা রেলস্টেশন সহ বিভিন্ন স্টেশন থেকে ছট পূজা উপলক্ষ্যে যে সমস্ত যাত্রী বিহার সহ দেশের বিভিন্ন স্থানে নিজ নিজ বাড়ি যাচ্ছেন সেই সমস্ত যাত্রীদের স্বাচ্ছন্দ্যের জন্য রেল কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে।

গতকাল সন্ধ্যায় আগরতলা রেলস্টেশনে বিহারের উদ্দেশ্যে রওনা হওয়া এক যাত্রী ছট পূজা উপলক্ষ্যে রেল পরিষেবায় সন্তোষ প্রকাশ করে বলেন.....

#### #####Sound Byte #####

\*\*\*\*\*

#### CM :

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নের ফলে রাজ্যের স্বাস্থ্য পরিষেবার প্রতি মানুষের আস্থা বেড়েছে। গতকাল আগরতলার সরকারী মেডিকেল কলেজের অডিটোরিয়ামে দুদিনব্যাপী ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ প্যাথলজি ও মাইক্রোবায়োলজি উত্তর-পূর্বাঞ্চল চ্যাপ্টারের ৩৪তম বার্ষিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে বিভিন্ন জেলা ও মহকুমা হাসপাতালগুলিতেও পরিষেবার উন্নয়ন ও পরিকাঠামো সম্প্রসারণ করা হচ্ছে।

#### #####CM Byte#####

\*\*\*\*\*

#### MBB Airport-New Flight :

আগরতলা ও পশ্চিমবঙ্গের বাগডোগরা বিমানবন্দরের মধ্যে আজ থেকে সরাসরি বিমান চলাচল শুরু হবে। এই রুটে সপ্তাহের প্রতিদিন বিমান চালাবে ইন্ডিগো বিমান সংস্থা। আগরতলা বিমানবন্দরের সহকারী জেনারেল ম্যানেজার হুইকিম জেম্পু জানিয়েছেন, বাগডোগরা ছাড়াও আগামী ২৮শে অক্টোবর থেকে সপ্তাহের প্রতি মঙ্গলবার ও শুক্রবার আসামের শিলচর-আগরতলা রুটে পুনরায় বিমান চলাচল শুরু হবে।

এনিয়ৈ আগরতলার সঙ্গে দেশের ১০টি স্থানে বিমান সংযোগ চালু হচ্ছে। আগরতলা থেকে ইতিমধ্যেই কোলকাতা, দিল্লি, ইম্ফল, ব্যাঙ্গালুরু, হায়দরাবাদ, ডিব্রুগড়, গুয়াহাটি ও চেন্নাইয়ের মধ্যে বিমান পরিষেবা রয়েছে।

\*\*\*\*\*

### **AMC Sarad Samman- CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন শারদীয় দুর্গোৎসব এখন জাতি জনজাতিদের মেলবন্ধনে সার্বজনীন পূজার রূপ নিয়েছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আগরতলা পুর নিগম আয়োজিত শারদ সন্মান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন শারদীয় দুর্গোৎসব আজ জনজাতি এলাকাতেও ব্যাপকভাবে শ্রদ্ধা ও ভক্তির সাথে পালিত হচ্ছে। তিনি বলেন, জনজাতি এলাকা সহ রাজ্যের প্রতিটি এলাকায় সুন্দর ও সুস্থ সমাজ গঠনে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। এবছর আগরতলা পুর নিগমের পক্ষ থেকে ২১টি নির্বাচিত ক্লাব বা সামাজিক সংস্থা ও পূজা কমিটিকে শারদ সন্মান ২০২৫ প্রদান করা হয়। অনুষ্ঠানে ৫টি ক্লাবকে বিভিন্ন বিভাগে সেরার সেরা পুরস্কার প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*